গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
নড়িয়া, শরীয়তপুর।
www.dss.naria.shariatpur.gov.bd

**উপজেলা পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম বাস্তবায়ন কমিটির (ইউপিআইসি) ১৩ তম সভার কার্যবিবরণী**

সভাপতি: : জনাব মোঃ আব্দুল কাইয়ুম খান
উপজেলা নির্বাহী অফিসার, নড়িয়া, শরীয়তপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ নড়িয়া, শরীয়তপুর।
সভার তারিখ ও সময় : ০৬/০১/২০২৬ খ্রিঃ, বেলা ১২.১৫ ঘটিকা

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নামের স্বাক্ষরিত তালিকা পৃথক রেজিস্টারে লিপিবদ্ধ।

আলোচ্যসূচী:-
১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। নড়িয়া উপজেলায় পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রমের আওতায় ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত ক্ষুদ্র ঋণ বিনিয়োগ সংক্রান্ত আলোচনা।
৩। পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রমের আওতায় ক্ষুদ্র ঋণ পুনঃবিনিয়োগ সংক্রান্ত আলোচনা।
৪। নড়িয়া উপজেলায় পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রমের আওতায় বিদ্যমান ৬৪ টি পল্লী মাতৃকেন্দ্রকে ১৫ টি পল্লী মাতৃকেন্দ্রকে একীভূতকরণ
৫। বিবিধ।

সভার শুরুতেই উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। অতঃপর উপজেলা সমাজসেবা অফিসার ও সদস্য সচিবকে সভার আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়। সদস্য সচিব সভার আলোচ্যসূচী সভায় পাঠ করে শুনান।

আলোচ্য বিষয়-০১: গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে:
সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। পঠিত কার্যক্রমের উপর কোন সংশোধনী প্রস্তাব না থাকায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

আলোচ্য বিষয়ঃ-০২: পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রমের আওতায় ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত ঋণ বিনিয়োগ সংক্রান্তঃ
পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রমের আওতায় ২০২৫-২৬ অর্থ বছরের সমাজসেবা অধিদপ্তর থেকে ১ম থেকে ৪র্থ কিস্তিতে ক্ষুদ্র ঋণ খাতে সর্বমোট ৫,৪০,০০০/-(পাঁচ লক্ষ চল্লিশ হাজার টাকা) এবং সম্পাদিকাদের সম্মানী বাবদ ১২,০০০/- টাকা, সম্পাদিকাগণের সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধিকরণ শীর্ষক প্রশিক্ষণ বাবদ সম্মানী বাবদ ৪০,০০০/-(চল্লিশ হাজার) টাকা ও আনুসংগিক ২২০০/- বরাদ্দ পাওয়া গেছে যা সোনালী ব্যাংক, নড়িয়া শাখার ২১১৩৯০২০০০৫২৮ নং হিসাবে জমা রয়েছে। উক্ত অর্থ উত্তোলনপূর্বক বিনিয়োগ করা প্রয়োজন। উপজেলা সমাজসেবা কার্যালয়ের ফিল্ড সুপারভাইজারের তত্ত্বাবধয়ানে সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজকর্মী/ কারিগরী প্রশিক্ষক কর্তৃক গ্রাম জরিপপূর্বক গ্রাম কমিটির সুপারিশসহ উক্ত অর্থ উত্তোলনপূর্বক বিনিয়োগ জন্য নিম্নোক্ত স্কীমসমূহ উপস্থাপন করা হলো।

**২.১: বৈশাখী পাড়া নড়িয়া পৌরসভার পৌরসভা মাতৃকেন্দ্র গ্রাম সুদমুক্ত ঋণ কার্যক্রমের স্কিমসমূহ:**

| ক্রঃ নং | ঋণ গ্রহীতার নাম | পিতা/স্বামী নাম | স্কীমের নাম | টাকার পরিমান |
|---|---|---|---|---|
| ১ | মুনমুন আক্তার | পিতা : মিলন বেপারী মাতা: রুবী বেগম | গরু পালন | ৫০,০০০/= |
| ২ | অজুফা বেগম | পিতা : আব্দুল জব্বার মোল্লা , মাতা: আলেক জান বিবি | গরু পালন | ৫০,০০০/= |
| ৩ | তাছলিমা | পিতা : রসুল উকিল , মাতা: কুলসুম | ছাগল পালন | ৫০,০০০/= |
| ৪ | মনি বেগম | পিতা : আলী হোসেন বেপারী , মাতা: সুফিয়া বেগম | ছাগল পালন | ৫০,০০০/= |

মোট=২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা



CamScanner

**২.২ রাজনগর ইউনিয়নের বিলদেওনিয়া মাতৃকেন্দ্র গ্রাম সুদমুক্ত ঋণ কার্যক্রমের স্কিমসমূহ:**

| ক্রঃ নং | ঋণ গম্থহীতার নাম | পিতা/স্বামী নাম | স্কীমের নাম | টাকার পরিমান |
|---|---|---|---|---|
| ১ | শারমীন আক্তার | পিতা : আলি হোসেন, মাতা : জাহানারা বেগম | মুরগী পালন | ৫০,০০০/= |
| ২ | মোসাঃ মনিমালা | পিতা : মোঃ ছোবাহান বেপারী , মাতা : মোসা: রাজিয়া | মুরগী পালন | ৫০,০০০/= |
| ৩ | সুমাইয়া আক্তার | পিতা : আবুল বেপারী, মাতা : মনোয়ারা বেপারী | মুরগী পালন | ৫০,০০০/= |
| ৪ | সঙ্গীতা আক্তার | পিতা : আইয়ুব খান , মাতা : ফরিদা বেগম | গরুপালন | ৫০,০০০/= |
| ৫ | মোসাঃ মাসুদা বেগম | পিতা : আঃ হাসেম মাদবর , মাতা : জবেদা বেগম | গরুপালন | ৫০,০০০/= |
| ৬ | আন্না | পিতা : ইব্রাহিম মোল্লা , মাতা : লিলু | মুরগী পালন | ৫০,০০০/= |
| ৭ | রহিমন বেগম | পিতা : মোঃ ছৈজদ্দিন সরদার , মাতা : ফাতেমা বেগম | ছাগল পালন | ৪০,০০০/= |

**মোট=৩,৪০,০০০/-(তিন লক্ষ চল্লিশ হাজার) টাকা**

সিদ্ধান্তঃ সভায় উপস্থিত সদস্যগণের সর্বসম্মতিক্রমে সরকারি নীতিমালা অনুসরণপূর্বক পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রমের আওতায় ক্ষুদ্র ঋণ খাতে উল্লিখিত স্কীমসমূহের অনুকুলে বরাদ্দকৃত (২,০০,০০০+৩,৪০,০০০)সর্বমোট ৫,৪০,০০০/= (পাঁচ লক্ষ চল্লিশ হাজার) টাকা বিনিয়োগ, সম্পাদিকার সন্মানী বাবদ ১২,০০০/-(আটারো হাজার) টাকা, সম্পাদিকাগণের সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধিকরণ শীর্ষক প্রশিক্ষণ বাবদ ৪০,০০০/-(চল্লিশ হাজার) টাকা ও আনুসংগিক বাবদ ২২০০/- টাকা উত্তোলনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় ।

বাস্তবায়নেঃ উপজেলা সমাজসেবা কার্যালয়, নড়িয়া, শরীয়তপুর।

আলোচ্য বিষয়ঃ-০৩: উপজেলা পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রমের আওতায় ক্ষুদ্র ঋণ পুনঃবিনিয়োগ সংক্রান্ত আলোচনাঃ

উপজেলা সমাজসেবা অফিসার ও সদস্য সচিব সভায় জানান যে, উপজেলা পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রমের আওতায় পূর্বে বিনিয়োগ/ পুনঃবিনিয়োগকৃত অর্থ (মূলধন ও সার্ভিস চার্জ) আদায় সাপেক্ষে উপজেলা সমাজসেবা কার্যালয়ের ফিল্ড সুপারভাইজারের তত্ত্বাবধয়ানে সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজকর্মী/ কারিগরী প্রশিক্ষক কর্তৃক গ্রাম জরিপকৃত গ্রাম কমিটির সুপারিশসহ আদায়কৃত অর্থ পুঃবিনিয়োগ জন্য নিম্নোক্ত স্কীমসমূহ উপস্থাপন করা হলো।

**৩.১: বিঝারী ইউনিয়নের নওগাও  মাতৃকেন্দ্র গ্রাম সুদমুক্ত ঋণ কার্যক্রমের স্কিমসমূহঃ**

| ক্রঃ নং | ঋণ গম্থহীতার নাম | পিতা/স্বামী নাম | স্কীমের নাম | টাকার পরিমান |
|---|---|---|---|---|
| ১ | শান্তা আক্তার | পিতা : মোতালের মাতা: সামছুন্নাহার | হাস মুরগী পালন | ২০,০০০/= |
| ২ | অহিদা বেগম | পিতা : মারফত আলী ফকির , মাতা: চাহেরন বিবি | হাস মুরগী পালন | ৫০,০০০/= |
| ৩ | ইরিনা | পিতা : মোঃ নুরুল ইসলাম আস্কর , মাতা: মাকসুদা | হাস মুরগী পালন | ৫০,০০০/= |
| ৪ | সুহাদা আক্তার | পিতা : আঃ খালেক বেপারী , মাতা: পারুল বেগম | হাস মুরগী পালন | ৫০,০০০/= |
| ৫ | নাছিমা বেগম | পিতা : আজগর আলী ছৈয়াল , মাতা: আকলিমা বেগম | হাস মুরগী পালন | ৫০,০০০/= |
| ৬ | হেনা বেগম | পিতা : রহিম বক্স হাওলাদার , মাতা: আছিয়া খাতুন | হাস মুরগী পালন | ২৫,০০০/= |

**মোট=২,৪৫,০০০/- (দুই লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা**



CamScanner

সিদ্ধান্তঃ সভায় উপস্থিত সদস্যগণের সর্বসম্মতিক্রমে সরকারি নীতিমালা অনুসরণপূর্বক পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম আওতায় ঘূর্নায়মান তহবিল হিসাবে উল্লিখিত গ্রাম ও স্কীমসমূহের অনুকূলে প্রকল্পে মোট ২,৪৫,০০০/-( দুই লক্ষ পয়তাল্লিশ হাজার) টাকা পুনঃবিনিয়োগ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নেঃ উপজেলা সমাজসেবা কার্যালয়, নড়িয়া, শরীয়তপুর।

আলোচ্য বিষয়ঃ-০৪: নড়িয়া উপজেলায় পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রমের আওতায় বিদ্যমান ৬৪ টি পল্লী মাতৃকেন্দ্রকে ১৫ টি পল্লী মাতৃকেন্দ্রে একীভূতকরণ:

নড়িয়া উপজেলায় নারীদের ক্ষমতায়ন, অর্থনৈতিক মুক্তি তথা আর্থ-সামাজিক উন্নয়ন, দরিদ্র নারীদের সংগঠিত করে উন্নয়নের মূল স্রোতধারায় নিয়ে আসা;দারিদ্র্য বিমোচন ও জীবনযাত্রার মান উন্নয়ন;সচেতনতা ও দক্ষতা বৃদ্ধি;পরিকল্পিত পরিবার তৈরিতে সহায়তা প্রদান লক্ষ্যে ১৯৭৫ খ্রিস্টাব্দ হতে পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। নারীর সক্রিয় অংশগ্রহণ নিশ্চিতকরণের মাধ্যমে অনগ্রসর, বঞ্চিত, দরিদ্র ও সমস্যাগ্রস্ত নারীদের সংগঠিত করে পরিবার ভিত্তিক দারিদ্র্যতা হ্রাস করা হচ্ছে। এ কার্যক্রমের মাধ্যমে উপজেলা পর্যায়ের গ্রাম এলাকার লক্ষ্যভুক্ত নিম্ন আয়ের অনগ্রসর দরিদ্র নারীদের সংগঠিত করে তাদের নিজস্ব পুঁজি গঠন করা হয়। শুধুমাত্র জন্মদানে সক্ষম নারীদের অংশগ্রহণে পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

উপজেলা সমাজসেবা কার্যালয়, নড়িয়া, শরীয়তপুর কর্তৃকে বাস্তবায়িত ৬৪টি পল্লী মাতৃকেন্দ্রকে ১৫টি পল্লী মাতৃকেন্দ্রে একীভূতকরণ করার জন্য সরকারি নির্দেশনা প্রদান করা হয়েছে। তদপ্রেক্ষিতে উপজেলা সমাজসেবা কার্যালয়ের ফিল্ড সুপারভাইজারের তত্ত্বাবধয়ানে সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজকর্মী/ কারিগরী প্রশিক্ষক কর্তৃক সুপারিশকৃত সম্পাদিকাদের নামসহ ১৫টি পল্লী মাতৃকেন্দ্রের নাম (সংযুক্ত) উপস্থাপন করা হলো।

সিদ্ধান্তঃ সভায় উপস্থিত সদস্যগণের সর্বসম্মতিক্রমে সরকারি নির্দেশনা অনুসরণপূর্বক পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম আওতায় ৬৪টি পল্লী মাতৃকেন্দ্রকে ১৫টি পল্লী মাতৃকেন্দ্রে একীভূতকরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

৬৪টি মাতৃকেন্দ্রকে ১৫টি মাতৃকেন্দ্রে একীভূতকরণ তালিকা; **পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।**

বাস্তবায়নেঃ উপজেলা সমাজসেবা কার্যালয়, নড়িয়া, শরীয়তপুর।

আলোচ্য বিষয়ঃ-০৫: বিবিধ;

এছাড়া ক্ষুদ্র ঋণ খাতে সকল অনাদায়ী টাকা আদায়ের জন্য জোর তাগিদ প্রদান করা হয়। প্রয়োজনে সকল ঋণ খেলাপীদেরকে নোটিশ করে সরকারী অর্থ আদায়ের ব্যাপারে উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। এক্ষেত্রে অফিসার-ইন-চার্জ, নড়িয়া থানা মহোদয়কে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়।

এছাড়া পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রমের আওতায় ক্ষুদ্রঋণ কার্যক্রমসহ বিভিন্ন সামাজিক বিষয়ে উদ্বুদ্ধকরণ; যেমন: পরিবার পরিকল্পনা, বাড়ীর আঙ্গিনায় সব্জিচাষ, সামাজিক বনায়ন, নিরাপদ পানি পান, স্যানিটেশন, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, পুষ্টি সচেতনতা, পরিবার পরিকল্পনা, গর্ভবতী মায়ের যত্ন, শিশুদের টিকা দান, বাল্য বিবাহ প্রতিরোধ, নারী নির্যাতন ও যৌতুক বিরোধী সচেতনতা, মাদক দ্রব্যের অপব্যবহার রোধ, শিশুদের স্কুলে প্রেরণ ইত্যাদি কার্যক্রম তরান্বিত করার জন্য পল্লী মাতৃকেন্দ্রের সম্পাদিকা ও সদস্যদের অনুরোধ করা হয়।

বাস্তবায়নেঃ উপজেলা সমাজসেবা কার্যালয়, নড়িয়া, শরীয়তপুর।

পরিশেষে অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি করা হয়।

০৬.০১.২৬

(মোঃ আব্দুল কাইয়ুম খান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম বাস্তবায়ন কমিটি
নড়িয়া, শরীয়তপুর।



CamScanner

স্মারক নম্বর: ৪১.০১.৮৬৬৫.০০০.০৬.১০৪.২৫. ০৭ তারিখ: ০৬/০১/২০২৬ খ্রি.

**সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (কার্যক্রম), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

২। পরিচালক (যুগ্ম সচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা।

৩। জেলা প্রশাসক, শরীয়তপুর।

৪। প্রশাসক, উপজেলা পরিষদ, নড়িয়া, শরীয়তপুর।

৫। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, শরীয়তপুর।

৬। উপজেলা নির্বাহী অফিসার, নড়িয়া, শরীয়তপুর।

৭। উপজেলা .............................অফিসার, নড়িয়া, শরীয়তপুর।

৮। চেয়ারম্যান,....................................... ইউনিয়ন পরিষদ, নড়িয়া, শরীয়তপুর।

৯। জনাব........................................................

১০। অফিস নথি।

০৬/০১/২০২৬

(আরিফুজ্জামান)
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম বাস্তবায়ন কমিটি
নড়িয়া, শরীয়তপুর।
ফোনঃ +৮৮০২৪৭৮৮১৬১২৬
ই-মেইলঃ usso.naria@dss.gov.bd



CamScanner